

ভালো ফল করেও পছন্দের কলেজে ভর্তি অনিশ্চিত

মুদ্রাক আবেদন

৪৯ হল একাদশ শ্রেণীতে ভর্তি কার্যক্রম। শিকা মন্ত্রণালয় থেকে সময়সূচি অনুযায়ী পনিবার সারাদেশের কলেজে শিক্ষার্থী ভর্তি শুরু হয়েছে। দেশের বিভিন্ন স্থানে বেঁচে নিয়ে আসা গেছে, ঢাকাসহ দেশের বিজ্ঞানীয় শহরের নব্বিনানি এবং শিক্ষার্থী-অভিভাবকদের পছন্দের তালিকায় পীর্বে থাকে প্রায় সব কলেজই নিজ নিজ বোর্ডের অধীনে ভর্তি কার্যক্রম শুরু করেছে। আর নিয়মের কারণে যারা তা করছে না তারাও চলতি সময়ের মধ্যে কার্যক্রম শুরু করবে। সরকারি নির্দেশনা অনুযায়ী ৬ জুন পর্যন্ত চলবে ভর্তি কার্যক্রম। তবে ভালো ফল করেও পছন্দের কলেজে ভর্তি নিশ্চিত নেই। এ নিয়ে শিক্ষার্থী-অভিভাবকরা টেনশনে রয়েছেন। এবার দেশের বিভিন্ন বোর্ড তাদের অধিকৃত কলেজগুলোর অনলাইন ও কোর্সইস ফোন অনিশ্চিত : পৃষ্ঠা ১১ : কলাম ১

আনাশ্চত : পছন্দের কলেজে

(শেষ পৃষ্ঠার পর)

এসএমএসে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করেছে। এর মধ্যে কেবল ঢাকা বোর্ডের অধীনেই রয়েছে ৭ ধরনের ২২০টি কলেজ। আর সিপেট বোর্ডে রয়েছে ৪০টি। ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আসিমা বেগম জানিয়েছেন, ওইসব কলেজে ভর্তির জন্য এসএমএসে আবেদন গ্রহণ করা হবে। পরবর্তীতে মনোনীতদের ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে। এসএমএসে আবেদনের ক্ষেত্রে পছন্দের কলেজের 'ইআইআইএন' (EIIN) নম্বর রয়েছে বলে জানান তিনি।

সরকারি এবার তৃতীয়বারের মতো অনলাইনে ভর্তি কার্যক্রম শুরু করেছে। এর আগে গত দুটি বছর অনলাইন ভর্তি কার্যক্রম হয়। এর মধ্যে গত বছর যেসব কলেজে সর্বমোট ৬০০ আসন রয়েছে, তাদের অনলাইনে ভর্তির অধীনে আসতে হয়েছে। আর তার আগের বছর ঢাকা বোর্ডের অধীনে মাত্র ১৬টি কলেজে এ কার্যক্রম পরিচালিত হয়েছিল। এবার যেসব কলেজের সর্বমোট ৪০০ আসন রয়েছে, তাদের অনলাইনে ভর্তি কার্যক্রমের অধীনে আসতে হয়েছে।

অনলাইনে ভর্তি কার্যক্রম সম্পন্ন হওয়ার তা মুদ্রত কেন্দ্রীয়ভাবে বা বোর্ডের তত্ত্বাবধানে পরিচালিত হবে। আর এর ফলে ভর্তি কার্যক্রম অনেকটা স্বচ্ছ হবে বলে মনে করেন অভিভাবকরা। আর চাপমুক্ত থাকার ইতি প্রকাশ করেছেন কলেজের অধ্যাপকরা। ডিকারননিসা নূন হুদ ও কলেজের অধ্যক্ষ মঞ্জুরা বেগম কর্মসূচি-বোর্ডের অধীনে ভর্তি প্রক্রিয়ায় সম্পন্ন হওয়ার অনেক ভালো হয়েছে। আবেদনকারীদের স্রেষ্ঠ পর্যাপ্ত অনুযায়ী তারা মনোনীতদের তালিকা করে দেবে। আসন সংখ্যা অনুযায়ী তারা মেধাভিত্তিক উপরে থেকে ভর্তি করবেন কলেজ।

তবে এরপরও অভিভাবকদের মনে নটর ডেম কলেজ নিয়ে উদ্ভা রয়েছে। ওই প্রতিষ্ঠানটি গত বছর সরকারি বিধান মেনে ভর্তি করায়নি। সরকার যে কোন ধরনের ভর্তি পরীক্ষা নিরুৎসাহিত করে। কিন্তু নটর ডেম কলেজ গত বছর নিজস্ব প্রক্রিয়া অনুসরণ করে। এবারও সরকারি বিধানের বাইরে থাকার জন্য ঢাকা বোর্ডে আবেদন করেছে বলে জানা গেছে। এ নিয়ে সাধারণ অভিভাবকদের অভিযোগ আর কোডের অভাব নেই।

প্রশ্নও, গত বছর ঢাকা সরকারি বিধান না মানায় ভর্তিকৃত ছাত্রদের রেজিস্ট্রেশন আটক গিয়েছিল। পরে তারা ছাত্রদের নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ করায়। শেষ পর্যন্ত শিকা মন্ত্রণালয় ছাত্রদের অভিযোগের কথা বিবেচনায় রেজিস্ট্রেশন করায়।

এ ব্যাপারে ঢাকা বোর্ডের চেয়ারম্যানের কাছে জানতে চাইলে তিনি বলেন, কারও জন্য এখন পর্যন্ত আলোচনা ভর্তি নীতিমালা করেনি সরকার। নটর ডেম নিজস্ব নিয়মে ভর্তির আবেদন করেছে। তাদের ব্যাপারে সরকার কোন সিদ্ধান্ত নেয়নি। সুতরাং তাদের কিমান নীতিমালাই অনুসরণ করতে হবে।

এদিকে কেন্দ্রীয়ভাবে ভর্তি প্রক্রিয়া হলেও ঢাকার বিভিন্ন নাবিনানি কলেজ ভর্তি বিজ্ঞপ্তি আরি করেছে। এবং বিজ্ঞপ্তিতে মুদ্রত কলেজগুলোর ভর্তি যোগ্যতাসহ অন্যান্য শর্ত প্রকাশ করা হচ্ছে। সরকারি নীতিমালায় শিক্ষার্থী ভর্তির পর নির্ধারণের ক্ষমতা কলেজগুলোর দেয়া হয়েছে। আবার রক্তধর্মী আইডেট কলেজগুলো নানা পোস্তীয় বিজ্ঞাপন দিচ্ছে ভর্তির জন্য।

এ পর্যন্ত যেসব কলেজ বিজ্ঞাপন দিচ্ছে সেগুলোর মধ্যে রয়েছে— বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ডিকারননিসা নূন, মতিঝিল আইডিয়াল, রাজউক উত্তরা মডেল কলেজ, রেজিডেন্সিয়াল মডেল কলেজ, ঢাকা সিটি কলেজ, ঢাকা কনর্স কলেজ, ন্যাশনাল আইডিয়াল স্কুল ও কলেজ, ক্যামব্রিজ স্কুল ও কলেজ, মতিঝিল বালক সরকারি উচ্চ বিদ্যালয়, বিএএফ শাহীন কলেজ, গভর্নমেন্ট ম্যাবরেটরি হাইস্কুলসহ নামকরা অধিকাংশ প্রতিষ্ঠান।

ভর্তি নীতিমালা : একাদশ শ্রেণীর নতুন শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম চলবে ৬ জুন পর্যন্ত। তবে যাদের ফল উন্নয়ন হবে তারা ১০ জুন পর্যন্ত আবেদন করতে পারবে। মনোনীত প্রার্থীদের তালিকা প্রকাশ করা হবে ১৬ জুন। ৩০ জুন পর্যন্ত ভর্তি হওয়া যাবে বিলম্ব ফি ছাড়া। আর প্রায় শুরু হবে ১ জুলাই।

এসএমএসে আবেদন পদ্ধতি : ঢাকা শিকা বোর্ড জানিয়েছে, প্রত্যেক কলেজের একটি করে পরিচিতি নম্বর রয়েছে যার 'ইআইআইএন' (EIIN) নম্বর বলে। প্রার্থী যে কলেজে ভর্তি হতে চায় সেই কলেজের 'ইআইআইএন' নম্বর দিয়েই আবেদন করবে। ঢাকা বোর্ডের উন্নয়নযোগ্য করেকটি কলেজের 'ইআইআইএন' নম্বর হচ্ছে—

- বিনিগ্রাইসি কলেজ (ইআইআইএন-১০৮২২২), ডিকারননিসা নূন স্কুল ও কলেজ (১০৮৩৫৭), বিএএফ শাহীন কলেজ (১০৭৮৫৮), বেগম বন্দরুন্নেসা সরকারি মহিলা কলেজ (১০৮১৫৫), বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ (১০৮১৬১), বীরশ্রেষ্ঠ মুন্সী আবদুল রউফ হাইডেলস কলেজ (১০৮১৬২), ক্যামব্রিজ কলেজ (১০২১৪০), ঢাকা সিটি কলেজ (১০৭৯৭৫), ঢাকা কলেজ (১০৭৯৭৭), ঢাকা কনর্স কলেজ (১০৮২০৭), সরকারি বাংলা কলেজ (১০৮২১০), সরকারি কবি নজরুল কলেজ (১০৮৫০৭), সোহরাওয়ার্দী কলেজ (১০৮৫০৮), মসিফ কলেজ (১০১৯৬২), আইডিয়াল স্কুল ও কলেজ (১০৮২৭৭), মতিঝিল মডেল স্কুল ও কলেজ (১০০৮৬৫), নটর ডেম কলেজ (১০৮২৭৪), রাজউক উত্তরা মডেল কলেজ (১০৮৫৭০), রেজিডেন্সিয়াল মডেল কলেজ (১০৮২৫৮), সেন্ট যোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (১০৮২৫৯), শহীদ বীরশ্রেষ্ঠ লে. আনোয়ার গার্লস কলেজ (১০২১৪০), শেখ বোরহানউদ্দিন কলেজ (১০৮১০৭), তেরশীও কলেজ (১০৮৫১০), উত্তরা হাইস্কুল ও কলেজ (১০৮৫০৮), ট্রাস্ট কলেজ ১০৪২২১, বিএএফ শাহীন কলেজ ১০৭৮৫৮, ইন্সফোর্ট কলেজ ১০৭৯৭০।